বেতিলা-মিতরা ইউনিয়ন পরিষদ কার্যালয়

মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।

ওয়েব-সাইটঃ www.betilamitaraup.manikganj.gov.bd
ই-মেইলঃ musfiq.aiub@gmail.com
মোবাইলঃ ০১৭১৯-৯৭৫৮২৩৮

বেতিলা-মিতরা ইউনিয়ন পরিষদ, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ

আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্য-বিবরণী

মানিকগঞ্জ সদর উপজেলাধীন বেতিলা-মিতরা ইউনিয়ন পরিষদের বিশেষ সভার কার্যবিবরণী।

সভার তারিখ	ঃ ২৯.০৭.২০২৪ খ্রিষ্টাব্দ।
সময়	ঃ সকাল ১১.৩০ ঘটিকা
সভার স্থান	ঃ ইউপি চেয়ারম্যান কক্ষ, বেতিলা-মিতরা ইউপি, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।
সভার ধরণ	ঃ আইন-শৃঙ্খলা কমিটির বিশেষ সভা।
সভাপতি	ঃ জনাব মোঃ আসমত আলী, চেয়ারম্যান, বেতিলা-মিতরা ইউনিয়ন পরিষদ, মানিকগঞ্জ সদর।

সভায় উপস্থিত সদস্যগণ

ক্র: নং	নাম	পদবী	কমিটির পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ আসমত আলী	ইউপি চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত
০২	জনাব হামিদা	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
০৩	জনাব রহিমা বেগম	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
০৪	জনাব ফাতেমা বেগম	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
০৫	জনাব মনিরুজ্জামান রনি	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
০৬	জনাব মোঃ বিল্লাল হোসেন	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
০৭	জনাব মুহাম্মদ মুনছের আলী	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
০৮	জনাব মোঃ সাবু মিয়া	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
০৯	জনাব মোঃ জাকির হোসেন	ইউপি সদস্য	সদস্য	-
১০	জনাব মোঃ আতোয়ার রহমান	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
১১	জনাব মোঃ আব্দুল মাজেদ	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
১২	জনাব মঞ্জুর আলম	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত

২৯/০৭/২০২৪ইং

মোঃ আসমত আলী
চেয়ারম্যান
বেতিলা-মিতরা ইউনিয়ন পরিষদ
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।

১৩	জনাব মোহাম্মদ ইকবাল মিয়া	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
১৪	বীর মুক্তিযোদ্ধা জনাব আব্দুল মান্নান দেওয়ান	মুক্তিযোদ্ধা	সদস্য	স্বাক্ষরিত
১৫	জনাব তানভীর	উপ-পরিদর্শক, মানিকগঞ্জ থানা, বিট পুলিশ, বেতিলা-মিতরা ইউপি	সদস্য	-
১৬	জনাব মোঃ শাহ আলম	সহকারী উপ-পরিদর্শক, মানিকগঞ্জ থানা, বিট পুলিশ, বেতিলা-মিতরা ইউপি	সদস্য	-
১৭	জনাব সুশীল চন্দ্র মন্ডল	সহকারী ভূমি কর্মকর্তা, বেতিলা-মিতরা ইউনিয়ন ভূমি অফিস	সদস্য	স্বাক্ষরিত
১৮	জনাব মোঃ মফিজুল ইসলাম	উপ-সহকারী কৃষি কর্মকর্তা, ০১ নং ব্লক	সদস্য	স্বাক্ষরিত
১৯	আব্দুল খালেক দেওয়ান	গন্যমান্য ব্যক্তি	সদস্য	-
২০	জনাব মোঃ সোহেল	আনসার- ভিডিপি	সদস্য	স্বাক্ষরিত
২১	জনাব মোঃ উজ্জ্বল হোসেন	দফাদার	সদস্য	স্বাক্ষরিত
২২	জনাব মুফতী মুমিনুর রহমান	ইমাম, বেতিলা কাজীপাড়া জামে মসজিদ	সদস্য	স্বাক্ষরিত
২৩	জনাব মোঃ মুশফিকুর রহমান	ইউপি প্রশাসনিক কর্মকর্তা	সদস্য সচিব	স্বাক্ষরিত

অদ্য ২৯.০৭.২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ রোজ সোমবার সকাল ১১.৩০ ঘটিকায় আইন-শৃঙ্খলা কমিটির এক বিশেষ সভার দিন তারিখ ধার্য থাকায় এবং উপস্থিত সদস্যদের দ্বারা কোরাম হওয়ায় চেয়ারম্যান জনাব মোঃ আসমত আলীর এর সভাপতিত্বে সভার কাজ আরম্ভ হয়। তিনি উপস্থিত সকলকে আলোচ্য বিষয়ে আলোচনার জন্য আহ্বান জানান।

সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং এ বিষয়ে সভায় বিশদ বিস্তারিত আলোচনা হয়।	বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় উহা অনুমোদিত হয়।	চেয়ারম্যান ও সদস্যবৃন্দ
০২	সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্যদের জানান যে, বর্তমানে ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো রয়েছে। আইন-শৃঙ্খলা বিষয়ে প্রতিটি ওয়ার্ডে সাধারণ জনগণ নিয়ে ইউপি সদস্যগণ জনসচেতনতামূলক সভা করেন। সভাপতি সাহেব আরো বলেন, আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে এলাকার আইন-শৃঙ্খলা যেন স্বাভাবিক থাকে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকতে হবে। এ বিষয়ে উপস্থিত সকলের সাথে আরো বিশদ আলোচনা হয়।	সভায় সমগ্র ইউনিয়নের আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখার জন্য সর্ব সম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। ০১। প্রতিটি ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে স্থানীয় জনগণকে নিয়ে ইউপি সদস্য ও বিট পুলিশ আইন-শৃঙ্খলা বিষয়ে সচেতনতামূলক সভা করবে। ০২। আইন-শৃঙ্খলার অবনতি হলে অতি দ্রুত তা উপজেলা প্রশাসন ও মানিকগঞ্জ থানাকে অবহিত করতে হবে। এ বিষয়ে ইউপি চেয়ারম্যান, ইউপি সচিব, ইউপি সদস্য, দফাদার ও গ্রামপুলিশ অগ্রনী ভূমিকা পালন করবে। ০৩। মাদকদ্রব্য প্রবণ অঞ্চল, বিশেষ করে	ইউপি চেয়ারম্যান, ইইপি প্রশাসনিক কর্মকর্তা, সদস্যগণ, বিট পুলিশ, গ্রামপুলিশ

মোঃ আজমত আলী
চেয়ারম্যান
বেতিলা-মিতরা ইউনিয়ন পরিষদ
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।

		আইরমারা, বেতিলা গ্রামে মাদকদ্রব্যের কুফল সম্পর্কে সাধারণ জনগণকে সচেতনতা করতে হবে। ০৪। রাত ৯ টার পর জরুরী সেবা ছাড়া সকল দোকান বন্ধ রাখতে হবে। ০৫। ইউনিয়নের মধ্যে মাদক সেবনকারী ও মাদক ব্যবসায়ীদের তালিকা প্রণয়ন করে উপজেলা প্রশাসন ও বিট পুলিশের কাছে জমা দিতে হবে।	
০৩	সভাপতি সাহেব উপস্থিত সকলকে বলেন, বর্তমানে দেশে কোটা বিরোধী আন্দোলনের কারণে দেশে যে বিশৃঙ্খলা চলছে তা রোধে সরকার বিগত ১৯ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দে সারা দেশে কারফিউ জারি করেছে। দুর্বৃত্তরা যেন আমাদের ইউনিয়নে কোন ধরণের নাশকতা না করতে পারে সকলকে উক্ত বিষয়ে সজাগ থাকতে হবে। গ্রামে গ্রামে গ্রামপুলিশদের টহল বাড়াতে হবে। নিয়মিত বিটপুলিশ/থানার সাথে যোগাযোগ রাখতে হবে। কোথাও কোন ধরনের অপ্রীতিকর ঘটনা ঘটলে সাথে সাথে তা জেলা, উপজেলা প্রশাসনকে অবহিত করতে হবে।	বর্তমান পরিস্থিতিতে সমগ্র ইউনিয়নের আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখার জন্য সর্ব সম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ ০১। কারফিউ সম্পর্কে সকলকে জানাতে হবে। ০২। কোটা বিরোধী আন্দোলনের সুযোগ নিয়ে দুর্বৃত্তরা যেন জনগণের জান-মালের ক্ষতি করতে না পারে সেদিকে নজর দিতে হবে এবং গ্রামপুলিশদের নিয়মিত পর্যায়ক্রমে টহল বাড়াতে হবে বিশেষ করে রাতে ইউনিয়নের গুরুত্বপূর্ণ স্থানে যেমন ইউনিয়ন পরিষদ, ভূমি অফিস, স্কুল, কলেজ, মাদ্রাসা, মসজিদ, মন্দিরে পাহাড়া জোরদার করতে হবে। ০৩। কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটলে তা তাৎক্ষণিক জেলা, উপজেলা এবং থানায় অবহিত করতে হবে। ০৪। সামাজিক মাধ্যমে কেউ গুজব ছড়ালে সেই আইডি সম্পর্কে তাৎক্ষণিক থানায় জানাতে হবে। ০৫। আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখতে উর্ধতন প্রশাসনকে সহযোগিতা করতে হবে।	ইউপি চেয়ারম্যান, ইউপি প্রশাসনিক কর্মকর্তা, সদস্যগণ, বিট পুলিশ, গ্রামপুলিশ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ আসমত আলী
চেয়ারম্যান
বেতিলা-মিতরা ইউনিয়ন পরিষদ
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।